

০৪

# অনির্দিষ্টকালের জন্য বুয়েট বন্ধ ঘোষণা

## ছাত্র খুনের পরে ভাঙচুর, পরীক্ষা পেছানোয় উল্লাস

কাগজ প্রতিবেদক : শনিবারের ছাত্র হত্যার পরবর্তী গোলযোগের পটভূমিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বুয়েট কর্তৃপক্ষ সকল আবাসিক ছাত্রদের ২ ঘণ্টার নোটিশে গতকাল রোববার সন্ধ্যা সাড়ে ৬টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়। একই সঙ্গে আগামী ১১ জুন থেকে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে। গতকাল ভারপ্রাপ্ত ভিসি দীপক কান্তি দাসের সভাপতিত্বে বুয়েটের বিভিন্ন হলের প্রভোস্ট, ডীন এবং একাডেমিক কাউন্সিলের যৌথ সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, গত শনিবার বুয়েটের পুরকৌশল ৪র্থ বর্ষের ছাত্র এবং সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতা আহমেদ হত্যার প্রতিবাদে এদিন উত্তেজিত ছাত্ররা উপাচার্য ভবন, আহসানউল্লাহ হলের প্রভোস্টের কক্ষ তছনছ করে এবং

একাডেমিক কাউন্সিল ভাঙচুর করে। শনিবার রাত ১০টার দিকে ছাত্ররা পুনরায় সবগুলো হল ভাঙচুর করে এবং এ আইটি ভবনে অগ্নিসংযোগ করে। এই গোলযোগ রাত সাড়ে ১২টা পর্যন্ত চলে।

বুয়েট কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কর্মচারীদের জানমালের নিরাপত্তা বিধানের জন্য এই সিদ্ধান্ত নেয়। কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের সম্পত্তির ব্যাপক ক্ষয়ক্ষতির জন্য দোষী ব্যক্তিদের চিহ্নিত করার জন্য সকলের সহযোগিতা চান। বিকেল সাড়ে ৪টার বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা ও হলত্যাগের নির্দেশ হলগুলোতে পৌঁছলে এক শ্রেণীর ছাত্ররা উল্লাসে ফেটে পড়ে। কয়েকজন ছাত্রের মতে, আসন্ন পরীক্ষা পিছিয়ে যাওয়া তাদের এই উল্লাসের কারণ। একই কারণে গত শনিবার ভাঙচুরের ঘটনা একটু বেশি মাত্রাতেই ঘটেছে বলে তাদের ধারণা।